**অতীব জরুরী**
**নির্বাচন অগ্রাধিকার**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০১৭.০৩০.০০.০০.০০১.২০১১ (অংশ-১)- ১০৫

তারিখ ঃ ১২ ফাল্গুন, ১৪২২ বঙ্গাব্দ। / ২৪ ফেব্রুয়ারি, ২০১৬ খ্রিঃ।

বিষয় ঃ পটুয়াখালী জেলার সদর উপজেলার লাউকাঠী ও কমলাপুর ইউনিয়নের নির্বাচন যথাসময়ে অনুষ্ঠানের বিষয়ে আইনগত মতামত প্রদান প্রসংগে।

সূত্র ঃ আইন,বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং-৫০২, তারিখঃ ২৩.০২.২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পটুয়াখালী সদর উপজেলার লাউকাঠী ইউনিয়ন বিভক্ত করে মৌকরণ নামে একটি নতুন ইউনিয়ন গঠন এবং কমলাপুর ইউনিয়নটি বিভক্ত করে ভুরিয়া নামে একটি নতুন ইউনিয়ন গঠনের বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং-১২১৬৬/২০১২ এবং রীট পিটিশন নং-৫৮০১/২০১৩ দায়ের হয়। উক্ত রিট পিটিশন দায়ের থাকা অবস্থায় উল্লিখিত ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠানের বিষয়ে মতামত প্রদানের জন্য আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মতামত চাওয়া হয়। আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় হতে নিম্নরূপ মতামত প্রদান করা হয়েছে **(সংযুক্তি-০১)ঃ**

"যেহেতু লাউকাঠী ইউনিয়ন বিভক্তির মাধ্যমে লাউকাঠী ও মৌকরণ নামক দু'টি ইউনিয়ন গঠন সংক্রান্ত প্রজ্ঞাপন চ্যালেঞ্জ করে দায়েরকৃত রিট মামলাটি নিষ্পত্তি হয়েছে এবং প্রজ্ঞাপন বহাল আছে, সেহেতু প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক বর্ণিত ইউনিয়ন পরিষদসমূহে নির্বাচনের বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে আইনগত বাধা নেই। অপরদিকে কমলাপুর ইউনিয়ন বিভক্তির মাধ্যমে কমলাপুর ও ভুরিয়া নামক দু'টি ইউনিয়ন গঠন সংক্রান্ত প্রজ্ঞাপন চ্যালেঞ্জ করে দায়েরকৃত চলমান রিট মামলাটিতে প্রজ্ঞাপনের উপর কোন স্থগিতাদেশ না থাকায় প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক বর্ণিত ইউনিয়ন পরিষদসমূহের নির্বাচনের বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে আইনগত বাধা নেই। তবে চলমান রিট মামলাটিতে মাননীয় হাইকোর্ট বিভাগ কর্তৃক পরবর্তীতে কোন আদেশ প্রদান করা হলে বা শুনানীক্রমে মামলাটি নিষ্পত্তি করা হলে সেই আদেশ পালন/রায় কার্যকর করতে হবে।"

০২। এমতাবস্থায়, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের উল্লিখিত মতামত অনুযায়ী পটুয়াখালী জেলার সদর উপজেলার লাউকাঠী এবং কমলাপুর ইউনিয়নে নির্বাচনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মতামত
এর ছায়ালিপি-০৩ (তিন) পাতা।

২৪/২/১৬

( শরীফা আহমেদ )
সিনিয়র সহকারী সচিব
☎ ৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

সচিব
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে-বাংলানগর
আগারগাঁও, ঢাকা।
(দৃঃ আঃ-জনাব জেসমিন টুলী, যুগ্ম-সচিব)।

অনুলিপিঃ
০১। জেলা প্রশাসক, পটুয়াখালী।
০২। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

D:\DOCUMENT\ELECTION-2016\ELECTION LETTER.doc-94

স্থানীয় সরকার বিভাগ
গ্রহণ ও প্রেরণ শাখা
23 FEB 2016

স্থানীয় সরকার বিভাগ
সচিবের দপ্তর

| | |
|---|---|
| ১) অতিরিক্ত সচিব<br>২) মহাপরিচালক<br>৩) যুগ্ম-সচিব | ১) প্রশাসন<br>২) উন্নয়ন<br>৩) নগর উন্নয়ন<br>৪) পাস<br>৫) আইন |
| নম্বরঃ...............................<br>তারিখঃ............................. | স্বাক্ষর |

সচিব মহোদয়ের নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫
(www.lawjusticedive.gov.bd)

নং-১০.০০.০০০০.১২৯.০৪.৫৭২.১৬.- ৫০২ তারিখঃ ২৩/০২/২০১৬খ্রিঃ

**বিষয়ঃ পটুয়াখালী জেলাধীন সদর উপজেলার লাউকাঠি ও কমলাপুর ইউনিয়নের নির্বাচন যথাসময়ে অনুষ্ঠান প্রসংগে মতামত প্রদান।**

সূত্রঃ স্থানীয় সরকার বিভাগের স্মারক নং- ৪৬.০১৭.০৩০.০০.০০.০০১.২০১১(অংশ-১)- ১৩২,তারিখঃ ১১/০২/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশিত হয়ে আইন ও বিচার বিভাগের মতামত অনুবিভাগ কর্তৃক ১৮/০২/২০১৬ খ্রিঃ তারিখে ১০.০০.০০০০.১২৯.০৪.৫৭২.১৬ নং নথিতে প্রদত্ত মতামতের উদ্ধৃতাংশ এতদসংগে সংযুক্তক্রমে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত প্রেরণ করা হল।

সংযুক্ত০২(দুই) ফর্দ।

২৩/০২/১৬
(মোঃ খাদেম উল কায়েস)
সিনিয়র সহকারী সচিব (প্রঃ)
ফোন ঃ ৯৫৭৭৪২০ (অঃ)

সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
(দৃঃ আঃ- সিনিয়র সহকারী সচিব, ইপ-১ শাখা)।

**অতিরিক্ত সচিব (এলজিডি)**

| | |
|---|---|
| অতিরিক্ত সচিব(প্রশা/নগঃউঃ/পাস/উন্নয়ন)<br>মহাপরিচালক (মইই)<br>যুগ্ম-সচিব(ইপ/মনিটরিং/অডিট/আইন)<br>যুগ্ম-প্রধান/উপ-প্রধান(পরিকল্পনা উইং)<br>পরিচালক-১/২/যুগ্ম-সচিব (উন্নয়ন)<br>উপ-সচিব (বাওব্য/আইন)<br>প্রোগ্রামার/ব্যক্তিগত কর্মকর্তা | উপস্থাপন করুন<br>প্রয়োজনীয় ব্যবস্থা নিন<br>মন্তব্যসহ উপস্থাপন করুন<br>জরুরী ভিত্তিতে পেশ করুন<br>আলোচনা করুন<br>নথিভুক্ত করুন<br>সভায় আপনি যাবেন। |
| ডায়েরী নং.............................<br>তারিখ............................. | স্বাক্ষর |

# নোট সীট

১০.০০.০০০০.১২৯.০৪.৫৭২.১৫

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**মতামত -৪ ।**

**বিষয়ঃ পটুয়াখালী জেলাধীন সদর উপজেলার লাউকাঠী ও কমলাপুর ইউনিয়নের নির্বাচন যথাসময়ে অনুষ্ঠান প্রসংগে মতামত প্রদান।**

সূত্রঃ স্থানীয় সরকার বিভাগের ইপ-১ শাখার স্মারক নং ৪৬.০১৭.০৩০.০০.০০.০০১.২০১১(অংশ-১)-১৩২, তারিখঃ- ১১ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিঃ।

২। সূত্রস্থ স্মারক পত্র **(পতাকা-ক)** এবং সংযুক্ত কাগজাদি সদয় অবলোকন করা যেতে পারে।

৩। **বিষয় সংক্ষেপঃ** পটুয়াখালী জেলাধীন সদর উপজেলার লাউকাঠী ও কমলাপুর ইউনিয়ন পরিষদের নির্বাচন বিগত ০৩-০৪-২০১১ খ্রিঃ অনুষ্ঠিত হয়। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ অনুসারে, কোন সাধারণ নির্বাচন ঐ পরিষদের জন্য অনুষ্ঠিত পূর্ববর্তী সাধারণ নির্বাচনের তারিখ হতে ৫(পাঁচ) বৎসর পূর্ণ হওয়ার ১৮০(একশত আশি) দিনের মধ্যে অনুষ্ঠিত হবে (সংযুক্তি-১)। পটুয়াখালী জেলার সদর উপজেলাস্থ লাউকাঠী ইউনিয়ন বিভক্ত করে মৌকরণ নামে একটি নতুন ইউনিয়নের প্রজ্ঞাপন গত ৩০/০১/২০১২খ্রিঃ তারিখে গেজেটে প্রকাশ করা হয়। ঐ প্রজ্ঞাপনকে চ্যালেঞ্জ করে বাংলাদেশ সুপ্রীম কোর্টের মাননীয় হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং-১২১৬৬/২০১২দায়ের করা হয়। অপরদিকে একই উপজেলার কমলাপুর ইউনিয়নটি বিভক্ত করে ভুরিয়া নামে একটি নতুন ইউনিয়নের প্রজ্ঞাপন গত ১১/০৪/২০১৩খ্রিঃ তারিখে গেজেটে প্রকাশ করা হয়। ঐ প্রজ্ঞাপনকে চ্যালেঞ্জ করে বাংলাদেশ সুপ্রীম কোর্টের মাননীয় হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং-৫৮০১/২০১৩ দায়ের করা হয়। উভয় জারীকৃত প্রজ্ঞাপন ভিন্ন ভিন্ন আদেশে মাননীয় হাইকোর্ট বিভাগ কর্তৃক স্থগিত রাখার আদেশ প্রদান করা হয় মর্মে নথিতে উল্লেখ আছে (সংযুক্তি-২)। উল্লিখিত রিট পিটিশনদ্বয়ের আদেশের আলোকে বর্ণিত পটুয়াখালী সদর উপজেলার লাউকাঠী ও কমলাপুর ইউনিয়ন দুটিতে নির্ধারিত সময়ের মধ্যে নির্বাচন অনুষ্ঠানের বিষয়ে প্রত্যাশি মন্ত্রণালয় হতে এই বিভাগের মতামত যাচনা করা হয়েছে।

৪। **বিবেচ্য বিষয়ঃ-** রিট পিটিশনদ্বয়ের আদেশের আলোকে বর্ণিত পটুয়াখালী সদর উপজেলার লাউকাঠী ও কমলাপুর ইউনিয়ন দুটিতে নির্ধারিত সময়ের মধ্যে নির্বাচন অনুষ্ঠান করা যাবে কিনা?

৫। **আইনগত মতামতঃ-** পটুয়াখালী জেলার সদর উপজেলাস্থ লাউকাঠী ইউনিয়ন বিভক্ত করে মৌকরণ নামে একটি নতুন ইউনিয়নের প্রজ্ঞাপন গত ৩০/০১/২০১২খ্রিঃ তারিখে গেজেটে প্রকাশ করা হয়। ঐ প্রজ্ঞাপনকে চ্যালেঞ্জ করে বাংলাদেশ সুপ্রীম কোর্টের মাননীয় হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং-১২১৬৬/২০১২দায়ের করা হয়। অপরদিকে একই উপজেলার কমলাপুর ইউনিয়নটি বিভক্ত করে ভুরিয়া নামে একটি নতুন ইউনিয়নের প্রজ্ঞাপন গত ১১/০৪/২০১৩খ্রিঃ তারিখে গেজেটে প্রকাশ করা হয়। ঐ প্রজ্ঞাপনকে চ্যালেঞ্জ করে বাংলাদেশ সুপ্রীম কোর্টের মাননীয় হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং-৫৮০১/২০১৩ দায়ের করা হয়। উভয় জারীকৃত প্রজ্ঞাপন ভিন্ন ভিন্ন আদেশে মাননীয় হাইকোর্ট বিভাগ কর্তৃক স্থগিত রাখার আদেশ প্রদান করা হয় মর্মে নথিতে উল্লেখ আছে (সংযুক্তি-২)। কিন্তু আদেশসমূহের কপি নথিতে সংযুক্ত না থাকায় টেলিফোনে স্থানীয় সরকার বিভাগে যোগাযোগ করা হলে স্থানীয় সরকার বিভাগ হতে ৫৮০১/২০১৩ নং রিট

সত্যায়িত
২৬/০২/১৬
মোঃ [illegible] ফারেস
সিনিয়র সহকারী সচিব
আইন ও বিচার বিভাগ
আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মামলায় মাননীয় হাইকোর্টের প্রচারিত আদেশের কপি, রিট পিটিশনের কপি, লাউকাঠী ইউনিয়ন পরিষদ নির্বাচন যথাসময়ে অনুষ্ঠান প্রসংগে পটুয়াখালী জেলা প্রশাসক কর্তৃক সচিব, স্থানীয় সরকার বিভাগ বরাবরে প্রেরিত পত্রের কপি, ১২১৬৬/২০১২ নং রিট মামলায় মাননীয় হাইকোর্ট কর্তৃক প্রচারিত রুল ও স্থগিতাদেশ এর কপি, স্থগিতাদেশ বর্ধিতকরণ সংক্রান্ত আদেশের কপি এবং সংশ্লিষ্ট রিট পিটিশন নিষ্পত্তি হয়েছে মর্মে Lawyer's Certificate এর কপিসহ অপরাপর কাগজাদি প্রেরণ করা হয়েছে।

লাউকাঠী ইউনিয়ন পরিষদ নির্বাচন যথাসময়ে অনুষ্ঠান প্রসংগে পটুয়াখালী জেলা প্রশাসক কর্তৃক সচিব, স্থানীয় সরকার বিভাগ বরাবরে প্রেরিত পত্রের (০৯/০২/২০১৬খ্রিঃ স্বাক্ষরিত) কপি (সংযুক্তি-৩) পর্যালোচনায় দেখা যায়, লাউকাঠী ইউনিয়ন বিভক্ত করে মৌকরণ নতুন ইউনিয়ন গঠন করার প্রকাশিত প্রজ্ঞাপন চ্যালেঞ্জ করে হাইকোর্ট বিভাগে দায়েরকৃত ১২১৬৬/২০১২ নং রিট মামলায় বাংলাদেশ সুপ্রীম কোর্টের মাননীয় হাইকোর্ট বিভাগ গত ২৫/০৯/২০১২ খ্রিঃ তারিখ নিম্নোক্ত আদেশ প্রচার করে(সংযুক্তি-৪)ঃ

> "Now upon hearing.....................................this court doth order and do issues a Rule Nisi calling upon you the aforesaid respondents to show cause on or before the 27th day of September, 2012 as to why the Gazette Notification dated 30/08/12........ ...................dividing the Laukathi Union Parishad Vide Memo No. 46.342.007.06.00.005.2012-448 dated 01/08/2012 should not be declared to have been done without lawful authority and is of no legal effect ...................................................................
>
> Let operation of the Gazette Notification dated 30/08/12 .......................dividing the Laukathi Union Parishad, Patuakhali sadar, Patuakhali and created a new Union Parishad named Moukaran by reconstituting the Laukathi Union Parishad Vide Memo No. 46.342.007.06. 00. 005.2012-448 dated 01/08/2012 be stayed for a period of 3(three) months from date."

অতঃপর গত ১৭/০৯/২০১৫খ্রিঃ তারিখ স্থগিতাদেশ বর্ধিত করে মাননীয় হাইকোর্ট বিভাগ নিম্নোক্ত আদেশ প্রচার করে (সংযুক্তি-৫)ঃ

> "Let the order of stay granted earlier by this Court be extended for a further period of 06(six) months from date."

পটুয়াখালী জেলা প্রশাসক কর্তৃক সচিব, স্থানীয় সরকার বিভাগ বরাবরে প্রেরিত পত্রের কপি পর্যালোচনায় আরো দেখা যায়, ইতোমধ্যে ৮ নং রেসপন্ডেন্ট এর আইনজীবি মোঃ আফজাল হোসাইন ২৮/০১/২০১৬ খ্রিঃ Lawyer's Certificate (সংযুক্তি-৬) প্রদান করেছেন যার বক্তব্য নিম্নরুপঃ

> "This is to certify that, writ petition No-12166 of 2012 filed by the Md.Sultan Akond Challenging the Gazette Notification dated 30-08-2012 bifurcating the Loukathi union into 2 union parishad namely Lawkathi union and Moukaran union and their lordship ...............on 25/09/2012 were pleased to issue rule and stayed the

সত্যায়িত
সিনিয়র সহকারী সচিব
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

operation of the Gazette Notification.That in the petition Mr. Professor Abdul Maliq Akhund contested as added respondent no-8 and after final hearing of the rule their lordship..........on 06/12/2015 were pleased to discharge the rule and the order of stay did vacated. Thereby the Gazette Notification dated on 30/08/2012 is stand alive and bifurcation of Loukathi Union Parishad sustains. To get certified copy of the judgement it may be needed 4 weeks time more; it is also stated that this certificate is mandatory to all concern......."

১২১৬৬/২০১২ নং রিট মামলা সংক্রান্তে মাননীয় হাইকোর্টের উপরোক্ত আদেশ ও Lawyer's Certificate পর্যালোচনায় দেখা যায়, লাউকাঠী ইউনিয়ন বিভক্ত করে মৌকরণ নতুন ইউনিয়ন গঠন করার প্রকাশিত প্রজ্ঞাপন মাননীয় হাইকোর্ট ৩(তিন) মাসের জন্য স্থগিত করে ২৫/০৯/২০১২খ্রিঃ তারিখ সরকারের বিরুদ্ধে রুল ইস্যু করে। অতঃপর স্থগিতাদেশ গত ১৭/০৯/২০১৫খ্রিঃ তারিখ ৬(ছয়) মাসের জন্য বর্ধিত করে। সর্বশেষ গত ২৮/০১/২০১৬খ্রিঃ তারিখ মাননীয় হাইকোর্ট রুলটি ডিসচার্জ ক্রমে মামলাটি নিস্পত্তি করে। রুল ডিসচার্জ সংক্রান্ত মাননীয় হাইকোর্ট বিভাগের আদেশের বিষয়ে Lawyer's Certificate থেকে জানা যায়। তবে সুপ্রীম কোর্টের ওয়েব সাইটে সংশ্লিষ্ট ১২১৬৬/২০১২ নং রিট মামলার বিষয়ে অনুসন্ধান করে নিম্মোক্ত তথ্য পাওয়া যায় (সংযুক্তি-৭)ঃ

Writ petition no: 12166/2012
Status: Disposed
Result: Discharged

Lawyer's Certificate এবং রিট মামলার সর্বশেষ অবস্থার বিষয়ে সুপ্রীম কোর্ট ওয়েব সাইট থেকে প্রাপ্ত তথ্য পরস্পরকে সমর্থন করে। এছাড়া Lawyer's Certificate এর সার্বজনীন গ্রহণযোগ্যতা রয়েছে। যেহেতু Lawyer's Certificate এবং সুপ্রীম কোর্ট ওয়েব সাইট থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী রুলটি ডিসর্চাজ করা হয়েছে এবং স্থগিতাদেশ Vacate করা হয়েছে সেহেতু লাউকাঠী ইউনিয়ন বিভক্ত করে মৌকরণ নতুন ইউনিয়ন গঠন করার প্রকাশিত ৩০/০৮/২০১২খ্রিঃ এর প্রজ্ঞাপন বহাল আছে।

অপরদিকে কমলাপুর ইউনিয়নকে বিভক্ত করে ভুরিয়া ইউনিয়ন গঠনের প্রকাশিত প্রজ্ঞাপন চ্যালেঞ্জ করে মাননীয় হাইকোর্ট বিভাগের ৫৮০১/২০১৩ নং রিট মামলা দায়ের করা হয়। বিবেচ্যপত্রে উল্লেখ রয়েছে যে, সুপ্রীম কোর্টের মাননীয় হাইকোর্ট বিভাগ প্রজ্ঞাপনটি স্থগিত করে রুল ইস্যু করেছে। নথিতে মাননীয় হাইকোর্ট বিভাগের আদেশের কপি সংযুক্ত না থাকায় টেলিফোনে স্থানীয় সরকার বিভাগে যোগাযোগ করা হলে স্থানীয় সরকার বিভাগ হতে ৫৮০১/২০১৩ নং রিট মামলায় মাননীয় হাইকোর্টের প্রচারিত আদেশের যে কপি প্রেরণ করা হয়েছে তার মুল অংশ নিম্নরুপ (সংযুক্তি-৮)ঃ

"Now upon hearing.......................................this court doth order and do issue a Rule Nisi calling upon you the aforesaid respondents to show cause on or before the 5th day of August ,2013 as to why the Gazette Notification published Vide Memo No. 46.342.007.06.00.007.2012-200 dated 06/03/2013 by the respondent no.2 bifurcating the Kamalapur Union Parishad, Patuakhali Sadar,

সত্যায়িত
২৩/২/১৬
মোঃ [illegible]
সিনিয়র সহকারী সচিব
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

Patuakhali and created a new Union parishad .....................
should not be declared to have been done without lawful authority
and is of no legal effect ..........................."

মাননীয় হাইকোর্ট বিভাগের আদেশ পর্যালোচনায় দেখা যায়, কমলাপুর ইউনিয়নকে বিভক্ত করে ভুরিয়া ইউনিয়ন গঠনের প্রকাশিত প্রজ্ঞাপন বিষয়ে মাননীয় হাইকোর্ট রুল ইস্যু করলেও কোন স্থগিতাদেশ প্রদান করেনি। মামলাটি বর্তমানে শুনানীর পর্যায়ে রয়েছে।

স্থানীয় সরকার বিভাগ হতে প্রেরিত বিবেচ্যপত্রে উল্লেখ করা হয়েছে যে, লাউকাঠী ও কমলাপুর ইউনিয়নকে বিভক্ত করে আরো দুটি ইউনিয়ন গঠনের প্রকাশিত প্রজ্ঞাপন মাননীয় হাইকোর্ট বিভাগ পৃথক পৃথক আদেশে স্থগিত করেছে এবং সরকার বরাবরে রুল ইস্যু করেছে। প্রজ্ঞাপন স্থগিত রাখার আদেশের প্রেক্ষিতে লাউকাঠী ও কমলাপুর ইউনিয়ন দুটিতে নির্ধারিত সময়ের মধ্যে নির্বাচন অনুষ্ঠান বিষয়ে প্রত্যাশি বিভাগ হতে এই বিভাগের মতামত যাচনা করা হয়েছে। স্থানীয় সরকার বিভাগ হতে পরবর্তীতে প্রেরিত কাগজাদি পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, লাউকাঠী ইউনিয়ন সংক্রান্তে দায়েরকৃত রিট মামলাটি ডিসচার্জক্রমে নিস্পত্তি করা হয়েছে। অপরদিকে কমলাপুর ইউনিয়ন সংক্রান্তে দায়েরকৃত রিট মামলাটিতে রুল ইস্যু হলেও প্রজ্ঞাপন বিষয়ে কোন স্থগিতাদেশ নাই। প্রত্যাশি বিভাগের বিবেচ্যপত্রে প্রজ্ঞাপন স্থগিত থাকার প্রেক্ষিতে মতামত যাচনা করা হলেও বাস্তবে প্রজ্ঞাপনসমূহের উপর বর্তমানে কোন স্থগিতাদেশ নেই।

যেহেতু লাউকাঠী ইউনিয়ন বিভক্তির মাধ্যমে লাউকাঠী ও মৌকরণ নামক দুটি ইউনিয়ন গঠন সংক্রান্ত প্রজ্ঞাপন চ্যালেঞ্জ করে দায়েরকৃত রিট মামলাটি নিস্পত্তি হয়েছে এবং প্রজ্ঞাপন বহাল আছে, সেহেতু প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক বর্ণিত ইউনিয়ন পরিষদসমূহে নির্বাচনের বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহনের ক্ষেত্রে আইনগত বাধা নাই। অপরদিকে কমলাপুর ইউনিয়ন বিভক্তির মাধ্যমে কমলাপুর ও ভুরিয়া নামক দুটি ইউনিয়ন গঠন সংক্রান্ত প্রজ্ঞাপন চ্যালেঞ্জ করে দায়েরকৃত চলমান রিট মামলাটিতে প্রজ্ঞাপনের উপর কোন স্থগিতাদেশ না থাকায় প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক বর্ণিত ইউনিয়ন পরিষদসমূহে নির্বাচনের বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহনের ক্ষেত্রে আইনগত বাধা নাই। তবে চলমান রিট মামলাটিতে মাননীয় হাইকোর্ট বিভাগ কর্তৃক পরবর্তীতে ভিন্ন কোন আদেশ প্রদান করা হলে বা শুনানীক্রমে মামলাটি নিস্পত্তি করা হলে সেই আদেশ পালন/ রায় কার্যকর করতে হবে।

৬। নোটানুচ্ছেদ ৫ এর প্রস্তাব সদয় অনুমোদিত হলে প্রত্যাশি মন্ত্রনালয়কে অবহিত করণের জন্য নথিটি এই বিভাগের বিচার শাখা-৫ এ প্রেরণ করা যেতে পারে।

উপ-সচিব (মতামত-৪)
মোহাম্মদ মোরশেদ ইমতিয়াজ
উপ-সচিব (মতামত-৪)
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

যুগ্ম-সচিব (মতামত)
উম্মে কুলসুম
যুগ্ম-সচিব (মতামত)
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

অতিরিক্ত সচিব
সচিব (লেজিসলেটিভ)

সচিব (আইন ও বিচার বিভাগ)

মাননীয় মন্ত্রী